দৈনিক ইত্তেফাক

তারিখ 5 APR 2017
পৃষ্ঠা ৭ কলাম ৬

# পরীক্ষাকেন্দ্রে এক শিক্ষক বহিষ্কার!

■ মনোহরগঞ্জ (কুমিল্লা) সংবাদদাতা

কুমিল্লার মনোহরগঞ্জে এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে কেন্দ্রে পরীক্ষার্থীদের অসদুপায় অবলম্বনে সহযোগীতা করার দায়ে এক শিক্ষককে বহিস্কার করা হয়েছে। পাশাপাশি তাকে এইচএসসি সংশ্লিষ্ট সকল কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়। গতকাল মঙ্গলবার উপজেলার নাথেরপেটুয়া ডিগ্রি কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষা চলাকালীন কলেজ শিক্ষক আব্দুর রশিদকে বহিস্কার করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার মোঃ ইউছুপ আলী।

জানা যায়, বহিস্কৃত ওই শিক্ষক নাথেরপেটুয়া ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দ মোঃ তৈয়ব হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।